

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৪/০৪/২০১৮ খ্রি.

**২০১৬ সনের ডিগ্রী (পাস) ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট) পরীক্ষার ফরম
পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৬ সনের ডিগ্রী (পাস) ৩য় বর্ষ পরীক্ষার ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

১। ফি জমা ও ফরম পূরণের তারিখ: ০৬/০৫/২০১৮ হতে ১৫/০৫/২০১৮ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত সকাল ১০:০০ টা হতে বেলা ৩:০০টা পর্যন্ত)। ডিগ্রী (পাস) ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সকল কার্যক্রম কলেজের রেজিস্ট্রেশন শাখায় সম্পন্ন করবে।

নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট/মনোনয়ন ছাত্রীদের পরীক্ষার ফি

বিষয়ের নাম	পরীক্ষার ফি
৩য় বর্ষ (৭০০ নম্বর) নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট	২,২০৫.০০
সার্টিফিকেট কোর্স	১,৭০৫.০০
বিঃদ্রঃ ২০১৫ সনের ডিগ্রী (পাস) ৩য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের পর গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।	

২। ফরম পূরণের আবেদন পত্রের সাথে যা সংযুক্ত করতে হবে:

- ডিগ্রী (পাস) কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি;
- ডিগ্রী ১ম ও ২য় বর্ষ পরীক্ষার ফলাফলের কপি;
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি;
- নিয়মিত/অনিয়মিত ছাত্রীদের ক্ষেত্রে ৩য় বর্ষের বেতন পরিশোধের রশিদের ফটোকপি।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৪ সনের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৫ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্সে ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ ২০১৬-এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করবে।

সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য

- ক) ২০১৪ সনের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০১৫ সনের ২য় বর্ষের পরীক্ষায় ৩য় পত্র ও ৪র্থ পত্রে Promoted (উত্তীর্ণ) হয়েছে তারা এ পরীক্ষায় ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪ পাঠ্যসূচি :

২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।


৫। পরীক্ষার্থীদের জন্য করণীয় :

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/অফিসের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে পেপার কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত পেপার কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। পেপার কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে পেপার কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত ডিগ্রীর পেপার কোডের পত্র ছাড়া অন্য কোন পেপার কোডের পত্র আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ৩য় বর্ষে প্রমোশনের ফলাফল কপিসহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগ/অফিসে জমা দিতে হবে।

৬। ফলাফল :

এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

৯। পাশ নম্বর ও প্রমোশন : কোর্সের নম্বর	১০০ (৪ ক্রেডিট) (৮০ নম্বর লিখিত পরীক্ষা এবং ২০ নম্বর ইনকোর্স)
সর্বনিম্ন পাস নম্বর	৪০
সর্বনিম্ন গণনাযোগ্য ক্রেডিট	D


(প্রফেসর ড. শামসুন নাহার)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৩। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৪। সংরক্ষণ নথি।